

দাঁড়িয়ে আছ তুমি আমার লিরিক্স:-

দাঁড়িয়ে আছ তুমি আমার
গানের ওপারে।
আমার সুরগুলি পায় চরণ,
আমি পাই নে তোমারে।
দাঁড়িয়ে আছ তুমি আমার
গানের ওপারে।

বাতাস বহে মরি মরি,
আর বেঁধে রেখো না তরী। (x2)
এসো এসো পার হয়ে মোর
হৃদয়- মাঝারে।
দাঁড়িয়ে আছ তুমি আমার
গানের ওপারে।

তোমার সাথে গানের খেলা
দূরের খেলা যে,
বেদনাতে বাঁশি বাজায়
সকল বেলা যে। (x2)

কবে নিয়ে আমার বাঁশি
বাজাবে গো আপনি আসি। (x2)
আনন্দময় নীরব রাতের
নিবিড় আঁধারে।
দাঁড়িয়ে আছ তুমি আমার
গানের ওপারে।
আমার সুরগুলি পায় চরণ,
আমি পাই নে তোমারে।
দাঁড়িয়ে আছ তুমি আমার
গানের ওপারে।